

## তুর্কমিনিস্তানের উপ প্রধানমন্ত্রীর ভারত সফর

তুর্কমিনিস্তানের মন্ত্রিসভার ডেপুটি চেয়ারম্যান (ডিপিএম) তথা বিদেশমন্ত্রী মহামান্য জনাব রশিদ মেরেদোভ তুর্কমিনিস্তানের শীর্ষ সরকারি কর্মকর্তাদের একটি প্রতিনিধি দলকে ভারত সফরের জন্য নেতৃত্ব দেন ১৩-১৫ অগস্ট, ২০১৭। এই প্রতিনিধি দলটি বাণিজ্য, অর্থনৈতিক, বৈজ্ঞানিক ও প্রযুক্তি সহযোগিতা বিষয়ক তুর্কমিনিস্তান-ভারত আন্তঃসরকার কমিশনের (আইজিসি) ষষ্ঠ সভায় ১৪ মে, ২০১৭, অংশগ্রহণ করে। পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দেন এবং আইজিসি-তে যৌথ সভাপতিত্ব করেন এবং তুর্কমিনিস্তানের প্রতিনিধি দলের তরফে বৈঠকে যৌথ সভাপতিত্ব করেন উপ প্রধানমন্ত্রী মেরেদোভ।

আইজিসি-তে সম্পূর্ণ বন্ধুত্বপূর্ণ ও আন্তরিক পরিবেশে আলোচনা হয়। পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ এবং উপ প্রধানমন্ত্রী মেরেদোভ দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে বিস্তারিত পর্যালোচনা করেন এবং শক্তি, বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা, পরিবহন ও যোগাযোগ, নিরাপত্তা সহযোগিতা, অসাময়িক বিমান চলাচল, তথ্য প্রযুক্তি, বিজ্ঞান ও প্রযুক্তি, সাংস্কৃতিক ও শিক্ষাগত বিষয়ের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করেন।

কমিশন দু'দেশের মধ্যে বিদ্যমান রাষ্ট্রীয় সহযোগিতার বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং ২০১৫ সালের ১১-১২ জুলাই প্রধানমন্ত্রীর আশগাবাদ সফরে তুর্কমিনিস্তানের প্রেসিডেন্টের সঙ্গে বৈঠকে গৃহীত সিদ্ধান্তের অঙ্গীকার পূরণের বিষয়ে সম্মত হয়।

বৈঠকে দুই সভাপতির মধ্যে ষষ্ঠ আইজিসি-র বিষয়ে একটি প্রটোকল স্বাক্ষরিত হয়।

এ ছাড়াও সফরকালে উপ প্রধানমন্ত্রী মেরেদোভ মহামান্য উপ রাষ্ট্রপতি শ্রী বেঙ্কাইয়া নাইডু'র সঙ্গে সাক্ষাৎ করেন এবং বৈঠক করেন অর্থ, প্রতিরক্ষা ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী শ্রী অরুণ জেটলি এবং জাতীয় সড়ক, পরিবহন এবং জাহাজ মন্ত্রী নীতীন গড়কড়ি এবং প্রাকৃতিক গ্যাস ও পেট্রোলিয়াম মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী শ্রী ধর্মেন্দ্র প্রধানের সঙ্গে।

নয়াদিল্লি

অগস্ট ১৫, ২০১৭